

জানায়ার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানায়ার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সম্প্রকাশকঃ শাইখ মুহাম্মদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৮: একই জানায়ায় কয়েকজন মুর্দার উপস্থিতিতে আমরা কি তাদের মধ্যে সর্বাধিক জ্ঞানী ব্যক্তিকে ইমামের নিকটবর্তী করব নাকি তারা সবাই সমান?

প্রথমে পুরুষদেরকে, তারপর মহিলাদেরকে রাখতে হবে। অনুরূপভাবে বালককে মহিলার আগে রাখতে হবে। যদি একই জানায়ায় একজন পুরুষ, একজন অপ্রাপ্ত বয়স্ক বালক, একজন প্রাপ্ত বয়স্কা মহিলা এবং একজন অপ্রাপ্ত বয়স্কা বালিকা থাকে, তাহলে তাদেরকে সাজাতে হবে এভাবেঃ ইমামের কাছাকাছি পুরুষটিকে, তারপর অপ্রাপ্ত বয়স্ক বালকটিকে, তারপর মহিলাটিকে এবং তারপর অপ্রাপ্ত বয়স্কা বালিকাটিকে রাখতে হবে।

কিন্তু যদি তারা সবাই একই লিঙ্গের হয়, যেমনঃ যদি সবাই পুরুষ হয়, তাহলে সর্বাপেক্ষা জ্ঞানী ব্যক্তিকে ইমামের নিকটবর্তী স্থানে রাখতে হবে। কেননা উভদ যুদ্ধের শহীদগণের কয়েকজনকে যখন একই কবরে দাফন করা হচ্ছিল, তখন রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁদের মধ্যে সবচেয়ে বেশি কুরআন জানা ছাহাবীকে আগে কবরে রাখার নির্দেশ করেছিলেন।[1] এই হাদীছ প্রমাণ করে যে, আলেম ব্যক্তিকে ইমামের কাছাকাছি রাখতে হবে।

ফুটনোট

[1]. সুনানে আবু দাউদ, ‘জানায়া’ অধ্যায়, হা/৩১৩৬; তিরমিয়ী, ‘জানায়া’ অধ্যায়, হা/১০১৬; আলবানী (রহেমাত্ল্লাহ) হাদীছটিকে ‘ছইহ’ বলেছেন।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1665>

৬ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন